

তারিখঃ ১৫-০৯-২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

### রেফারী রিফ্রেসার্স কোর্স ২০২০

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তত্ত্বাবধানে ও বাফুফে রেফারীজ কমিটির উদ্যোগে দেশে প্রথমবারের মত 'রেফারী রিফ্রেসার্স কোর্স ২০২০' অদ্য ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখ দুপুর ২.৩০ ঘটিকা হতে অনলাইনে জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে গাজীপুর, ফরিদপুর, মানিকগঞ্জ, ফেনী, যশোর ও সাতক্ষীরা জেলার রেফারীগণকে নিয়ে ফিজিক্যাল ফিটনেস ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সে ৭০ জন ফুটবল রেফারী অংশগ্রহণ করে।

উক্ত প্রোগ্রামে টেকনিক্যাল ইন্সট্রাক্টর হিসেবে দায়িত্ব পালন করেন জনাব সুজিত কুমার ব্যানার্জী।

উক্ত কোর্সে উপস্থিত ছিলেন বাফুফে রেফারীজ কমিটির ডেপুটি চেয়ারম্যান হাজী মোঃ ইব্রাহিম নেসার এবং হেড অব রেফারী, বাফুফে জনাব আজাদ রহমান।

কোর্স এর রেফারী কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব শহিদুল ইসলাম লিমন।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।